

৮

গহন কুসুম-কুঞ্জ মাঝে
 মৃদুল মধুর বংশি বাজে,
 বিসরি ত্রাস লোকলাজে
 সজনি, আও আও লো ।
 অঙ্গে চারু নীল বাস,
 হৃদয়ে প্রণয় কুসুম রাশ,
 হরিণ নেত্রে বিমল হাস,
 কুঞ্জ বনমে আও লো ॥
 ঢালে কুসুম সুরভ ভার,
 ঢালে বিহগ সুরব-সার,
 ঢালে ইন্দু অমৃত-ধার
 বিমল রজত ভাতিরে ।
 মন্দ মন্দ ভৃঙ্গ গুঞ্জে,
 অযুত কুসুম কুঞ্জে কুঞ্জে,
 ফুটল সজনি পুঞ্জে পুঞ্জে
 বকুল যুঁথি জাতিরে ॥
 দেখ সজনি শ্যামরায়,
 নয়নে প্রেম উথল যায়,

মধুর বদন অমৃত সদন
চন্দ্রমায় নিন্দিছে ;
আও আও সজনি-বৃন্দ,
হেরব সখি শ্রীগোবিন্দ,
শ্যামকো পদারবিন্দ—
ভানুসিংহ বন্দিছে ॥
